



জলবায়ু অভিযোজন বাজেটকে ইউনিয়ন পরিষদের নিজস্ব সক্ষমতার প্রথমধাপ হিসেবে আখ্যায়িত করেন



ভেদুরিয়া ইউপি বার্ষিক বাজেট ২০২১-২২ গ্রহণ করেছেন মোহাম্মদ মিজানুর রহমান- উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা। ৩ জুন ২০২১, ছবি-মোঃ শিমুল।

গত ৩ জুন ২০২১ তারিখ রোজ: বৃহস্পতিবার কোস্ট, সিএফটিএম প্রকল্পের সহযোগিতায় ভোলা সদর উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে ১১নং ভেদুরিয়া ইউনিয়ন পরিষদের পঞ্চবার্ষিক পরিকল্পনা ও বার্ষিক বাজেট ২০২১-২২ উপজেলা প্রশাসনের নিকট উপস্থাপন এবং মতামত গ্রহণ করা হয়। সভায় প্রধান অতিথি হিসেবে মতামত প্রদান করেন মোহাম্মদ মিজানুর রহমান- উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা।

সভা বিশেষ অতিথি হিসেবে বাজেটের বিভিন্ন দিক নিয়ে বিশ্লেষণ করেন মোঃ রায়হানুল ইসলাম-সহকারী কমিশনার, জেলা প্রশাসকের কার্যালয়, ভোলা। সভায় সভাপতি করেন মোঃ তাজুল ইসলাম-চেয়ারম্যান, ১১নং ভেদুরিয়া ইউনিয়ন পরিষদ, ভোলা সদর, ভোলা।

এছাড়াও সভায় ইউপি সচিব, ইউপি সদস্যবৃন্দ, সরকারি কর্মকর্তা, শিক্ষক, সাংবাদিক, জলবায়ু ফোরামসহ মোট- ৩৫জন অংশগ্রহণ করে। ভোলায় প্রথমবারের মত কোনো ইউনিয়ন পরিষদ পঞ্চবার্ষিক জলবায়ু অভিযোজন পরিকল্পনা প্রস্তুত করেছে। পরিকল্পনা বাস্তবায়নে বাজেটের ছক ঠিক রেখে অভিযোজনে উন্নয়ন আয়-ব্যয়খাত সম্পৃক্ত করেছে এবং বাজেট বরাদ্দ রেখেছে। সভার অংশগ্রহণকারীগণ একে দৃষ্টান্তমূলক ও অনুকরণীয় বলে অভিহিত করেছে। উপজেলা নির্বাহী অফিসার বাজেটটিকে জলবায়ু পরিবর্তন মোকাবেলায় ইউনিয়ন পরিষদের নিজস্ব সক্ষমতার প্রথমধাপ এবং অন্যান্য ইউনিয়ন পরিষদের জন্য মডেল হিসেবে অভিহিত করেসকল অংশগ্রহণকারীর ইতিবাচক মতামত শেষে উপজেলা নির্বাহী অফিসার ইউপি চেয়ারম্যানের হতে বার্ষিক বাজেট ২০২১-২২ গ্রহণ ও অনুমোদন করেন। যার ফলে কোস্ট, সিএফটিএম প্রকল্প ও ভেদুরিয়া ইউপির যৌথপ্রচেষ্টায় প্রস্তুত পঞ্চবার্ষিক জলবায়ু অভিযোজন পরিকল্পনা ও বাজেটে জলবায়ু অভিযোজনে উন্নয়ন আয়-ব্যয়খাতসম্পৃক্ত ব্যতিক্রম একটি বার্ষিক বাজেট উপজেলা প্রশাসনের ইতিবাচক স্বীকৃতি পেল। জলবায়ু অভিযোজন বাজেটকে হিসেবে আখ্যায়িত করেন

জলবায়ু ফোরামের উন্নয়নমূলক কার্যক্রমে সার্বিক সহযোগীতার প্রতিশ্রুতি দেন কুতুবদিয়ার নবাগত ইউএনও

বৃটিশ কাউন্সিল ও কোস্ট ফাউন্ডেশন এর সহায়তায় পরিচালিত কুতুবদিয়া জলবায়ু ফোরামের একঝাঁক স্বেচ্ছাসেবী কর্মীগণের উদ্যোগে বৈশ্বিক জলবায়ু পরিবর্তনজনিত ক্ষতির সম্মুখীন দ্বীপ ও দ্বীপবাসীকে রক্ষা করতে ২০১৭ সালে গঠিত হয় এই ফোরাম। ১৪ ই জুন মঙ্গলবার সকাল ১১.০০ টা কুতুবদিয়া উপজেলা জলবায়ু ফোরামের ত্রৈমাসিক সভার সিদ্ধান্ত অনুসারে কুতুবদিয়া উপজেলার নবাগত ইউএনও স্যারের সাথে ফোরামের নেতৃবৃন্দরা সৌজন্য সাক্ষাৎ করেন। উক্ত সাক্ষাৎকারে ২০১৭সাল হতে উপজেলায়



সৌজন্য সাক্ষাৎ, উপজেলা নির্বাহী অফিসার, কুতুবদিয়া, কক্সবাজার। ১৪ জুন ২০২১, ছবি মং এথেন।

বাস্তবায়িত বিভিন্ন জনসচেতনতামূলক কার্যক্রম উপজেলা নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ নূরের জামান চৌধুরীর কে অবহিত করা হয়। এ সময় ইউএনও বলেন কুতুবদিয়া উপজেলা বেড়িবাধের জিও ব্যাগগুলো কিছু অসচেতন মানুষ কেটে নিয়ে বাসা বাড়ি আঙ্গিনায় এবং অন্যান্য কাজের ব্যবহার করতেছে যা খুবই দুঃখ জনক। তাছাড়া উপজেলা গেইটে সামনে প্লাস্টিকের ময়লা প্রতিনিয়ত ফেলে পরিবেশ নষ্ট করা হচ্ছে, এ বিষয়ে জলবায়ু ফোরামের পক্ষ থেকে সচেতনতামূলক প্রচারণা করার পরামর্শ দেন। এছাড়া উপজেলার পরিবেশ রক্ষায় বিভিন্ন কার্যক্রমকে চলমান রাখা এবং যে কোন বিষয়ে সার্বিক সহযোগীতার আশ্বাস দেন।

Rj eqygniqK cÖi` cwi` kÖK AMÖKvi w` tã Pi d`vkb Rj eqydvig` Î gumK mfv AbigZ

গত ১০ জুন ২০২১ তারিখ রোজ: বৃহস্পতিবার চরফ্যাশন উপজেলা জলবায়ু ফোরামের ত্রৈমাসিক সভা কোস্ট চরফ্যাশন সেন্টারে অনুষ্ঠিত হয়। সভাপিত আবু সিদ্দিকের সভাপতিত্বে জলবায়ু ফোরামের সকল সদস্য অংশগ্রহণ করে। সভা অংশগ্রহণকারীগণ বিগত দিনের কার্যক্রম পর্যালোচনা করে এবং আগামী ত্রৈমাসিক কর্মপরিকল্পনা চূড়ান্ত করে। সেখানে চরফ্যাশন উপজেলায় বাস্তবায়নাধীন জলবায়ু সহায়ক প্রকল্পের উপর সামাজিক নিরীক্ষাকে অগ্রাধিকার দিয়ে এর কৌশল চূড়ান্ত করা হয়। এছাড়া কোভিড-১৯ মোকাবেলা, নারীর প্রতিসহিংসতারোধ, শিশুবিবাহরোধসহ অন্যান্য বিষয় আলোচনা ও কর্মী পরিকল্পনা চূড়ান্ত করা হয়।



উপজেলা জলবায়ু ফোরাম ত্রৈমাসিক সভা। ১০.৬-২১, ছবি: ইব্রাহীম



বিশ্ব সমুদ্র দিবস, কুতুবদিয়া ৮ জুন ২০২১, ছবি:মং

wek ;mgyñi eñmi Añj vPbv mfvq cÖib` cıq Rj eqyei fc cÖe

কক্সবাজার কুতুবদিয়া উপজেলা জলবায়ু ফোরাম এর পূর্বে সিদ্ধান্ত অনুযায়ী ফোরামের উদ্যোগে বিশ্বে অন্যান্য দেশের ন্যায় ০৮ ই জুন ২০২১ ইং তারিখে “সমুদ্র বাঁচাও, পরিবেশ বাঁচাও” শ্লোগানের কুতুবদিয়া উপজেলায় বিশ্ব সমুদ্র দিবস পালন করা হয়। উক্ত সমুদ্র দিবসে কুতুবদিয়া জলবায়ু ফোরাম সদস্যরা দ্বীপ উপজেলা রক্ষার্থে বিভিন্ন জায়গায় প্লাস্টিক পন্য ব্যবহার বন্ধ করি সমুদ্র রক্ষা করি, দাবী মোদের একটাই বেড়িবাধে বিকল্প নেই, Save nature Reduce carbon dioxide, We want Sustainable Embankment, We want Solution Nat Pollution, ইত্যাদি শ্লোগানের দিবসটি পালন করা হয়। উক্ত সমুদ্র দিবস পালনের কুতুবদিয়া জলবায়ু ফোরামে সভাপতি এম,এম, হাসান কুতুবী, মোহাং ফৈজুল আজিজ, মাহবুবা বেগম, দিলসাদ আরজুর হ্যাপি, শফিকুল ইসলাম, জান্নাতুল ফেরদৌস, মোহাম্মদ তানজিল, সারাবান তাহুরা সদস্যবৃন্দ এবং সিএফটিএম প্রকল্পের ডিফ্রিস্ট টিম লিডার মোঃ আরিফ উল্লাহ এবং প্রোগ্রাম অফিসার মং এ খেন রাখাইন উপস্থিত ছিলেন। ফোরামের পক্ষ থেকে সমুদ্রের প্রয়োজনীয়তা সম্পর্কে সচেতনতা বাড়াতে এবং সমুদ্রে প্লাস্টিক ফেলে দূষিত করা, পানির মান খারাপ হয়ে যাওয়া এবং সামুদ্রিক প্রাণী হত্যা নিয়ে সচেতন হওয়া জন্য সবাইকে এগায় আসার আহবান করা হয়।

কুতুবদিয়া উপজেলা জলবায়ু ফোরাম এর ত্রৈমাসিক সভায় উপজেলা প্রকল্প কর্মকর্তা গঠনমূলক প্রতিশ্রুতি দেন

১৩ ই জুন রবিবার ২০২১ ইং তারিখে সকালে কুতুবদিয়া কোস্ট অফিসে উপজেলা জলবায়ু ফোরাম এর ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুতুবদিয়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা খোকন চন্দ্র দাস। সভা সভাপতিত্ব করেন কুতুবদিয়া উপজেলা জলবায়ু ফোরামের সভাপতি এম,এম, হাসান কুতুবী, সভায় আরো উপস্থিত ছিলেন কোস্ট ফাউন্ডেশন সিএফটিএম প্রকল্পে জেলা টিম লিডার এবং প্রোগ্রাম অফিসার, জন পুরুষ এবং ৪ জন মহিলা সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। সভা শুরুতে জেলা টিম লিডার বলেন



ত্রৈমাসিক সভায়, কুতুবদিয়া ১৩ জুন ২০২১, ছবি:মং

বলেন সিএফটিএম প্রকল্প ২০১৭ সাল থেকে বৃটিশ কাউন্সিল অর্থায়নে কাজ করে যাচ্ছে তারই ধারাহিকতা জলবায়ু ফোরাম

ত্রৈ-মাসিক সভায় বিগত তিন মাসের কার্যক্রম তুলে ধরেন এবং সিএফটিএম প্রকল্পের জলবায়ু ফোরামে ভূমিকা, সামাজিক নিরীক্ষা করতে হলে তার বিভিন্ন পদ্ধতি মাধ্যম সমূহ এবং সংশ্লিষ্ট দপ্তর সমূহ সাথে কার্যকর যোগাযোগ রাখা ইত্যাদি বিষয়ে আলোচনা হয়। উক্ত সভা সমাপনী বক্তব্যে প্রধান অতিথি কুতুবদিয়া উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা খোকন চন্দ্র দাস জলবায়ু ফোরামের সদস্যদের শুভেচ্ছা জানান জলবায়ু ফোরাম সদস্যদের সক্রিয় কার্যক্রমের প্রশংসা করেন এবং সেইসাথে উপজেলায় বাস্তবায়িত প্রকল্পসমূহ পরিদর্শন করার জন্য অনুরোধ করেন। যে কোন মুজিব কেলা সংক্রান্ত কোন অনিয়ম বা দুর্নীতি তথ্য পেলে জানানো জন্য বলেন।

পটুয়াখালী জেলার বাউফল উপজেলায় সামাজিক নিরীক্ষা কার্যক্রম অনুষ্ঠিত

গত ২৭ জুন ২০২১ ইং তারিখ বাউফল উপজেলা জলবায়ু উপজেলায় সামাজিক নিরীক্ষা কার্যক্রম অনুষ্ঠিত হয়। নিরীক্ষা কার্যক্রমে উপস্থিত ছিলেন উপজেলা প্রকৌশলী মোঃ সামাজিক নিরীক্ষা কমিটি যেসকল বিষয় পর্যবেক্ষন করেন সড়ক না থাকা, মনিটরিং ব্যবস্থা সন্তোষজনক নয়, কাজটি সামনে কোন মাঠ নাই, কাজটি বর্তমানে বন্ধ রয়েছে, দ্রুত হচ্ছে না। সামাজিক নিরীক্ষায় প্রাপ্ত বিভিন্ন সুপারিশগুলো সেগুলো সমাধানের চেষ্টা করা হবে।



সামাজিক নিরীক্ষা, ২৭/০৬/২০২১ ছবি: সোহেল

ফোরামের উদ্যোগে পটুয়াখালী জেলার বাউফল উপজেলা জলবায়ু ফোরামের সদস্যদের সাথে সামাজিক সুলতান হোসেন এবং ঠিকাদার মোঃ হাসিবুর রহমান। সেগুলো হল: সাইক্লোন সেলটারের সাথে কোন সংযোগ রাজনৈতিকভাবে সম্পন্ন হয়েছে, সাইক্লোন সেলটারের বাইরের শ্রমিক দিয়ে কাজটি করানো হচ্ছে ফলে কাজটি নিয়ে সংশ্লিষ্ট দপ্তরের কাছে উপস্থাপন করা হবে এবং

প্রস্তুতকারকঃ

মোঃ আরিফ উল্লাহ,

ডিসিফ্রিস্ট টিম লিডার, সিএফটিএম প্রকল্প, কোস্ট ফাউন্ডেশন

ক্রমিক	কার্যক্রম	লক্ষ্য	অর্জন
১	সামাজিক নিরীক্ষা	২	২
২	ফেলোআপ সামাজিক নিরীক্ষা	২	১
৩	ইউপি বাজেট প্রণয়ন	২	২
৪	লবি মিটিং	২	১
৫	উপজেলা ত্রৈমাসিক সভায়	৩	২